

আপনার কি সাহায্য প্রয়োজন?

অফিস অব দ্য ইমিগ্রেশন ডিটেনশন ওম্বুডসম্যান (OIDO) হলো একটি স্বাধীন এবং নিরপেক্ষ অফিস-ICE এবং CBP-এর থেকে আলাদা-যেটি মার্কিন যুক্তরাষ্ট্রে ইমিগ্রেশন কাস্টডি ও ডিটেনশনে থাকা সব ব্যক্তির জন্য মানবিক আচরণ ও নিরাপদ বসবাসের পরিবেশ নিশ্চিত করার জন্য প্রতিজ্ঞাবদ্ধ।

ইমিগ্রেশন ডিটেনশনে থাকার সময় আপনি যদি খারাপ আচরণ বা পরিবেশের সম্মুখীন হন, তাহলে OIDO তা জানতে আগ্রহী। অপব্যবহার, অপরিষ্কার খাবার, মেডিকেল ট্রিটমেন্ট অথবা খারাপ বসবাসের পরিবেশের মতো যে কোনো সমস্যা নিয়ে আপনি অভিযোগ করতে পারেন। এছাড়া নীতি বা স্ট্যান্ডার্ড সংক্রান্ত কোনো সন্দেহজনক লঙ্ঘন বা নিম্নমানের অবস্থার ব্যাপারেও OIDO-কে জানাতে পারেন।



শারীরিক, মানসিক বা আবেগ সংক্রান্ত
অত্যাচার



অপরিষ্কার খাবার বা মেডিকেল ট্রিটমেন্ট



খারাপ বা অসুরক্ষিত বসবাসের
পরিবেশ

OIDO-এ দাখিল করা অভিযোগগুলো গোপন রাখা হয় এবং কেস ম্যানেজাররা আপনার অনুমতি ছাড়া, আপনার কেসের ব্যাপারে কোনো তথ্য প্রকাশ করবেন না। OIDO কেস ম্যানেজারের সাথে কথা বললে অথবা কোনো অভিযোগ দাখিল করলে তা আপনার ইমিগ্রেশন কেস বা ডিটেনশন স্ট্যাটাসের ওপর প্রভাব ফেলবে না।

সকল ডিটেইনির জন্য পরিবেশ উন্নত করতে এবং অভিযোগের নিষ্পত্তি করতে কাজ করার জন্য OIDO প্রশিক্ষণপ্রাপ্ত ম্যানেজার, ইন্সপেক্টর এবং অডিটর নিয়োগ করে।



অভিযোগের ফর্ম জমা
দেওয়ার জন্য [dhs.gov/
OIDO](https://dhs.gov/oido) ভিজিট করুন।
নির্দেশাবলীর জন্য কোডটি
স্ক্যান করুন।